



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ জুলাই ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালায় অস্ত্রসহ ইউপিডিএফ সদস্য গ্রেফতারের ঘটনা সত্য নয়

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) দীঘিনালা ইউনিটের সংগঠক সুকীর্তি চাকমা আজ ১২ জুলাই ২০১৬ মঙ্গলবার এক বিবৃতিতে খাগড়াছড়ির দীঘিনালায় গোপন বৈঠক চলাকালে অভিযান চালিয়ে ইউপিডিএফ সদস্য অবিনাশ চাকমাকে অস্ত্রসহ আটক করার পুলিশের দাবিকে ভিত্তিহীন, কাল্পনিক ও বানোয়াট বলে প্রত্যাখ্যান করেছেন।

তিনি বলেন, ‘অবিনাশ চাকমা গত ৬ জুলাই সকালে চিকিৎসা ও মোবাইল ফোনে পরিচয় হওয়া এক বন্ধুর সাথে দেখা করতে দীঘিনালার আমতলির নিজ বাড়ি থেকে চট্টগ্রামের উদ্দেশ্যে রওনা হন। এ জন্য তিনি তার স্ত্রী দীপা চাকমার কাছ থেকে ২০ হাজার টাকাও নেন। প্রথমে তিনি একটি সিএনজি নিয়ে মানিকছড়ি পর্যন্ত গিয়ে পরে সেখান থেকে চট্টগ্রামগামী একটি বাসে উঠেন। আমাদের ধারণা মোবাইল ফোনে বন্ধু সেজে কোন গোয়েন্দা সংস্থার লোক তাকে চট্টগ্রামে ডেকে নিয়ে গ্রেফতার করেছে।’

অবিনাশ চাকমার কাছ থেকে অস্ত্র ও গুলি পাওয়ার অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন মন্তব্য করে ইউপিডিএফ নেতা বলেন, ‘গত ১০ জুলাই রোববার বিকেল সাড়ে চারটার দিকে সেনাবাহিনীর সদস্যরা অবিনাশ চাকমাকে সাধনা টিলার বিহারের পাশের জঙ্গলে নিয়ে গিয়ে কয়েক রাউণ্ড ফাঁকা গুলি করে। এরপর তারা সেখানে পুলিশ ডেকে তাদের কাছে অবিনাশ চাকমাকে হস্তান্তর করে। গোপন বৈঠক করার দাবি সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট।’

সুকীর্তি চাকমা অবিলম্বে অবিনাশ চাকমাকে মুক্তি ও তার বিরুদ্ধে দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।